

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৯৫.০২৭.৬৩.২০১৩. ৬৮৪

তারিখ:

২২ জুলাই ১৪৩০ বঙ্গাব্দ
০৬ জুলাই ২০২৩ খ্রি.

অফিস আদেশ


যেহেতু, জনাব মো: খোরশেদ আলম, সহকারী অধ্যাপক (বাংলা) ও প্রেষণে সহকারী বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর বিরুদ্ধে ২০০৫ সালে তার স্ত্রী কর্তৃক নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনাল-৩, চট্টগ্রাম এ মামলা নং-১২৬/২০০৫ দায়েরের প্রেক্ষিতে তাকে গত ০৮/০৯/২০১৩ তারিখ থেকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, পরবর্তীতে তিনি মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগের ক্রিমিনাল আপীল-১৯/২০১৭ নং মামলায় ২৫/০১/২০২৩ তারিখে উক্ত মামলা থেকে খালাস প্রাপ্ত হয়;

সেহেতু, জনাব মো: খোরশেদ আলম, সহকারী অধ্যাপক (বাংলা) ও প্রেষণে সহকারী বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর সাময়িক বরখাস্ত আদেশ সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৩৯(৩) ধারা অনুযায়ী প্রত্যাহার করে তাকে সরকারি চাকুরিতে পুনর্বহাল করা হলো। বাংলাদেশ সার্ভিস রুলস, পার্ট-১ এর বিধি-৪২(বি) অনুসারে তার সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য করা হলো এবং তিনি বরখাস্তকালীন সময়ের পূর্ণ বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(সোলেমান খান)

সচিব


নং- ৩৭.০০.০০০০.০৯৫.০২৭.৬৩.২০১৩. ৬৮৪/১(৭)

তারিখ:

২২ জুলাই ১৪৩০ বঙ্গাব্দ
০৬ জুলাই ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগিত ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (জনাব মো: খোরশেদ আলম-এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে আদেশটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। উপসচিব (সরকারি কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
- ৭। জনাব মো: খোরশেদ আলম, সহকারী অধ্যাপক (বাংলা) ও প্রেষণে সহকারী বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।



(মো: শাহীনুর ইসলাম)

উপসচিব